ইত্তেফাক।

তারিখ ২।৩।৮১
পৃষ্ঠা

094

# ইসলামী বিশ্বের উন্নয়নই মক্কা শিক্ষা কেন্দ্রের লক্ষ্য

—আশরাফ

মক্কাভিত্তিক বিশ্ব ইসলামী শিক্ষা কেন্দ্রের মহাপরিচালক সৈয়দ আলি আশরাফ গতকাল ঢাকায় বলেছেন যে, সমগ্র ইসলামী বিশ্বে অনুরূপ ইসলামী শিক্ষার উন্নয়নে যথাযথ পরিবেশ সৃষ্টি করাই এই শিক্ষা কেন্দ্রের লক্ষ্য। মুসলিম শিক্ষা সম্পর্কিত তৃতীয় বিশ্ব সম্মেলনে যোগদানের জন্যে সৈয়দ আশরাফ বর্তমানে ঢাকায় রয়েছেন। ৫ই মার্চ ঢাকায় এ সম্মেলন শুরু হচ্ছে। রাষ্ট্রপতি জিয়াউর রহমান

(শেষ পৃঃ ১-এর কঃ দেখুন)

## আশরাফ

(১ম পাতার পর)

সম্মেলন উদ্বোধন করবেন।

ইতিমধ্যে সম্মেলনে যোগ দেয়ার জন্যে মক্কার শিক্ষাকেন্দ্র হতে দু'সদস্যের অগ্রগামী একটি দল গতকাল ঢাকা পৌঁছেছেন। আজ মঙ্গলবার অপর একটি শক্তিশালী সৌদী প্রতিনিধিদলেরও ঢাকা পৌঁছার কথা।

সৌদী আরবের বাদশা আবদুল আজিজ বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ইসলামিক শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে 'ইসলামী পাঠ্যবই উন্নয়ন'। খবর বাসস/এনার।